

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৫১

ধর্মনগর, ১৬ নভেম্বর, ২০২৪

আখিল ভারত সমবায় সপ্তাহ : ধর্মনগরে জেলাভিত্তিক আলোচনাচক্র অনুষ্ঠিত

৭১তম আখিল ভারত সমবায় সপ্তাহ উদযাপন উপলক্ষ্য আজ উত্তর ত্রিপুরা জেলায় জেলাভিত্তিক এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। সমবায় দপ্তর এবং রাজ্য সমবায় ইউনিয়নের মৌখিক উদ্যোগে ধর্মনগরের বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে আয়োজিত এই আলোচনাচক্রের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন এমডিসি শৈলেন্দ্র চন্দ্র নাথ, ধর্মনগর পূর পরিষদের চেয়ারপার্সন মিতালী রাণী দাস সেন, জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা বিপ্লব দাস, কালাহুড়া পদ্ধতিয়েত সমিতির চেয়ারপার্সন টিস্কু শর্মা প্রমুখ।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ বলেন, সমবায়ের মাধ্যমে এর সাথে যুক্ত মানুষের আর্থসামাজিক উন্নয়ন হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখতে গিয়ে সমবায় দপ্তরের উত্তর ত্রিপুরা জেলা কার্যালয়ের উপ নিয়ামক বিজয় কুমার রায় বলেন, সমবায় সমিতিগুলির আধুনিকীকরণে কাজ করছে রাজ্যের সমবায় দপ্তর। তিনি জানান, উত্তর ত্রিপুরা জেলায় ২৬টি সমবায় সমিতিকে সম্প্রতি কম্পিউটার দেওয়া হয়েছে। এরফলে সমবায় সমিতির যাবতীয় তথ্য কম্পিউটারে রেকর্ড থাকবে। সমবায় সমিতিগুলির কাজে গতি আসবে। এদিনের অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন জেলার অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস সহ অন্যান্য রিসোর্সপার্সনগণ। ‘উদ্যোক্তা, কর্মসংস্থান এবং দক্ষতা উন্নয়নে সমবায়ের ভূমিকা’ এই বিষয়ে আলোকপাত করে বক্তব্য রাখেন অনুষ্ঠানের অতিথিগণ।
